তারিখ 22 SEP 2016
পৃষ্ঠা ৫ কলাম ৬

দৈনিক
ইত্তেফাক

# দেশের জনগণের সমস্যার সমাধান করতে না পারলে বিশ্ববিদ্যালয় দিয়ে কি হবে

--------- রাবিতে শিক্ষামন্ত্রী

■ রাবি সংবাদদাতা

'গতানুগতিক প্রক্রিয়ায় বিশ্ববিদ্যালয় পরিচালনা করলে বিশ্ববিদ্যালয়ের উদ্দেশ্য সফল হবে না। যদি কোনো বিশ্ববিদ্যালয় নতুন জ্ঞান সৃষ্টি করতে না পারে, জনগণের সমস্যা সমাধানে ভূমিকা না রাখতে পারে তাহলে বিশ্ববিদ্যালয় দিয়ে কি হবে? আর কেনইবা আমরা জনগণের অর্থ বিশ্ববিদ্যালয়ে দেব। প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোকেও আমরা জ্ঞান সৃষ্টির জন্যই অগ্রাধিকার দিচ্ছি। কিন্তু একটা শ্রেণি এটা ব্যবসা হিসেবে নিয়েছেন। শিক্ষার নামে দেশের যেসব বেসরকারি বিশ্ববিদ্যালয় ব্যবসা করছে সেগুলো বন্ধ করে দেওয়া হবে।'

গতকাল বুধবার সকালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে আয়োজিত বিশ্ববিদ্যালয়ের কৃতী শিক্ষার্থীদের স্বর্ণপদক প্রদান অনুষ্ঠানে এসব কথা বলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

শিক্ষামন্ত্রী বলেন, আমাদের শিক্ষার মূল লক্ষ্য হচ্ছে, নতুন প্রজন্মকে আধুনিক বাংলাদেশের নির্মাতা হিসেবে গড়ে তোলা। আর এই লক্ষ্য অর্জন করতে প্রচলিত গতানুগতিক শিক্ষা ব্যবস্থার মৌলিক ও গুণগত পরিবর্তন আনতে হবে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মুহম্মদ মিজনউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ শামস্-উল-ইসলাম। এ সময় শিক্ষামন্ত্রী বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষায় কৃতিত্বের স্বাক্ষর রাখা ৬৮ শিক্ষার্থীর হাতে স্বর্ণপদক, ক্রেস্ট ও সনদপত্র তুলে দেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের আটটি অনুষদের স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষায় প্রথম শ্রেণিতে প্রথমস্থান অর্জনকারী ৬৪ জনকে অগ্রণী ব্যাংক স্বর্ণপদক, দর্শন বিভাগের স্নাতকোত্তর পরীক্ষায় প্রথম শ্রেণিতে প্রথমস্থান অর্জনকারী তিনজনকে ড. মমতাজ উদ্দিন আহমদ স্বর্ণপদক এবং চিকিৎসা অনুষদে এমবিবিএস পরীক্ষায় প্রথম শ্রেণিতে প্রথমস্থান অর্জনকারী একজনকে ডা. এ কে খান স্বর্ণপদক প্রদান করা হয়।